# রিপোর্ট অন বাংলাদেশ স্যাম্পল ভাইটাল স্ট্যাটিস্টিকস ২০২০

মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিস্টিকস অব বাংলাদেশ (এমএসভিএসবি) প্রকল্প (৩য় পর্যায়)
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

## এসভিআরএস' ২০২০ এর প্রধান সূচকসমূহ

# এসভিআরএস’২০২০ এর প্রধান সূচকসমূহ

| সূচকসমূহ | ২০২০ | ২০১৯ | ২০১৮ | ২০১৭ | ২০১৬ |
|---|---|---|---|---|---|
| **০১. জাতীয় জনসংখ্যা (Estimated)** | | | | | |
| জনসংখ্যা (মিলিয়ন): ১ জুলাই | | | | | |
| **মোট** | ১৬৮.২২ | ১৬৬.৫০ | ১৬৪.৬ | ১৬২.৭ | ১৬০.৮ |
| **পুরুষ** | ৮৪.১৯ | ৮৩.৩৩ | ৮২.৪ | ৮১.৪ | ৮০.৫ |
| **মহিলা** | ৮৪.০৩ | ৮৩.১৭ | ৮২.২ | ৮১.৩ | ৮০.৩ |
| **জনসংখ্যা বৃদ্ধির হার (Intercensal Growth Rate)** | ১.৩৭* | ১.৩৭* | ১.৩৭* | ১.৩৭* | ১.৩৭* |
| **০২. নমুনা এলাকার (PSU) সংখ্যা** | | | | | |
| **জাতীয়** | ২০১২ | ২০১২ | ২০১২ | ২০১২ | ২০১২ |
| **পল্লী** | ১০৭৭ | ১০৭৭ | ১০৭৭ | ১০৭৭ | ১০৭৭ |
| **শহর** | ৯৩৫ | ৯৩৫ | ৯৩৫ | ৯৩৫ | ৯৩৫ |
| **০৩. নমুনা জনসংখ্যা** | | | | | |
| **মোট** | ১২৮৫০১৩ | ১২,৬৯,৭৪১ | ১২,৫৯,৭৪৪ | ১২,৫২৫৮ | ৯,৫৭,৯১৩ |
| **পুরুষ** | ৬৪৩২৫২ | ৬৩৫,৫৪৩ | ৬,৩০,৬০৫ | ৬২,৭০৬৮ | ৪,৭৯,৫৯৭ |
| **মহিলা** | ৬৪১৭৬১ | ৬৩৪,১৯৮ | ৬,২৯,১৩৯ | ৬২,৫৫১৩ | ৪,৭৮,৩১৬ |
| **বয়সভিত্তিক জনসংখ্যা (শতাংশ)** | | | | | |
| **মোট** | | | | | |
| **০০-১৪** | ২৮.১ | ২৮.৫ | ২৮.৮ | ২৯.৩ | ৩০.৮ |
| **১৫-৪৯** | ৫৪.৯ | ৫৪.৬ | ৫৪.৬ | ৫৪.৪ | ৫৩.৬ |
| **৫০-৫৯** | ৮.৭ | ৮.৭ | ৮.৭ | ৮.৩ | ৮.১ |
| **৬০+** | ৮.৩ | ৮.২ | ৭.৯ | ৮.০ | ৭.৫ |
| **পুরুষ** | | | | | |
| **০০-১৪** | ২৮.২ | ২৮.৮ | ২৯.২ | ২৯.৫ | ৩০.৯ |
| **১৫-৪৯** | ৫৪.১ | ৫৩.৭ | ৫৪.১ | ৫৪.১ | ৫২.৮ |
| **৫০-৫৯** | ৯.০ | ৮.৮ | ৮.৫ | ৮.২ | ৮.২ |
| **৬০+** | ৮.৭ | ৮.৭ | ৮.২ | ৮.২ | ৮.১ |
| **মহিলা** | | | | | |
| **০০-১৪** | ২৮.০ | ২৮.৩ | ২৮.৪ | ২৯.২ | ৩০.৭ |
| **১৫-৪৯** | ৫৫.৬ | ৫৫.৪ | ৫৫.১ | ৫৪.৮ | ৫৪.৫ |
| **৫০-৫৯** | ৮.৫ | ৮.৬ | ৮.৮ | ৮.৩ | ৭.৯ |
| **৬০+** | ৭.৯ | ৭.৭ | ৭.৭ | ৭.৭ | ৬.৯ |
| **০৪. জনসংখ্যার বৈশিষ্ট** | | | | | |
| **জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার (RNI)** | ১.৩০ | ১.৩২ | ১.৩৩ | ১.৩৪ | ১.৩৬ |
| **লিংগ অনুপাত (পুরুষ/মহিলা)x১০০** | ১০০.২ | ১০০.২ | ১০০.২ | ১০০.২ | **১০০.৩** |
| **জাতীয়** | ৫০ | ৫১ | ৫১ | ৫৩ | ৫৪ |
| **পল্লী** | ৫৪ | ৫৫ | ৫৫ | ৫৭ | ৫৮ |
| **শহর** | ৪৬ | ৪৬ | ৪৬ | ৪৭ | ৪৯ |
| **শিশু-নারী অনুপাত (প্রতি হাজার জনসংখ্যা)** | | | | | |
| **জাতীয়** | ৩০২ | ৩০২ | ৩০৪ | ৩১০ | ৩২০ |
| **পল্লী** | ৩২৯ | ৩৩১ | ৩৩২ | ৩৩৬ | ৩৪৭ |
| **শহর** | ২৭০ | ২৭০ | ২৭৩ | ২৭৯ | ২৮৯ |
| **জনসংখ্যার ঘনত্ব (বর্গ কি:মি)** | ১১৪০ | ১১২৫ | ১১১৬ | ১১০৩ | ১০৯০ |

* ২০০১ এবং ২০১১ সালের জনসংখ্যার ভিত্তিতে

| সূচকসমূহ | ২০২০ | ২০১৯ | ২০১৮ | ২০১৭ | ২০১৬ |
|---|---|---|---|---|---|
| **০৫. প্রজনন (Fertility)** | | | | | |
| **স্থুল জন্মহার (Crude Birth Rate) (প্রতি হাজার জনসংখ্যা)** | | | | | |
| জাতীয় | ১৮.১ | ১৮.১ | ১৮.৩ | ১৮.৫ | ১৮.৭ |
| পল্লী | ২০.৪ | ২০.০ | ২০.১ | ২০.৪ | ২০.৯ |
| শহর | ১৫.৩ | ১৫.৯ | ১৬.১ | ১৬.১ | ১৬.১ |
| **বয়ঃনির্দিষ্ট প্রজনন হার(প্রতি হাজার মহিলা)** | | | | | |
| ১৫-১৯ | ৭৪ | ৭৪ | ৭৪ | ৭৫ | ৭৮ |
| ২০-২৪ | ১২৬ | ১২৬ | ১৩২ | ১৩৪ | ১৩২ |
| ২৫-২৯ | ১০৯ | ১১০ | ১০৬ | ১০৫ | ১০৭ |
| ৩০-৩৪ | ৬৩ | ৬৪ | ৬২ | ৫৯ | ৫৮ |
| ৩৫-৩৯ | ২৬ | ২৫ | ২৬ | ২৬ | ২৬ |
| ৪০-৪৪ | ৮ | ৭ | ৭ | ৭ | ৭ |
| ৪৫-৪৯ | ২ | ২ | ৩ | ৩ | ৩ |
| **মোট প্রজনন হার(Total Fertility Rate) (প্রতি ১৫-৪৯ বৎসর বয়সী মহিলা)** | | | | | |
| জাতীয় | ২.০৪ | ২.০৪ | ২.০৫ | ২.০৫ | ২.১ |
| পল্লী | ২.৩৭ | ২.৩৭ | ২.৩৮ | ২.৩৭ | ২.৩৮ |
| শহর | ১.৬৬ | ১.৬৭ | ১.৬৮ | ১.৬৮ | ১.৬৮ |
| **সাধারন প্রজনন হার(General Fertility Rate) (প্রতি হাজার ১৫-৪৯ বৎসর বয়সী মহিলা)** | | | | | |
| জাতীয় | ৬৫ | ৬৬ | ৬৭ | ৬৮ | ৬৯ |
| পল্লী | ৭৬ | ৭৬ | ৭৭ | ৭৮ | ৭৯ |
| শহর | ৫৩ | ৫৫ | ৫৬ | ৫৬ | ৫৭ |
| **স্থুল সংযোজন হার(Gross Reproduction Rate) (প্রতি ১৫-৪৯ বৎসর বয়সী মহিলা)** | | | | | |
| জাতীয় | ১.০১ | ১.০১ | ১.০১ | ১.০২ | ১.০২ |
| পল্লী | ১.১৫ | ১.১৬ | ১.১৬ | ১.১৪ | ১.১৫ |
| শহর | ০.৮২ | ০.৮৩ | ০.৮৩ | ০.৮৪ | ০.৮৪ |
| **নীট সংযোজন হার(Net Reproduction Rate) (প্রতি ১৫-৪৯ বৎসর বয়সী মহিলা)** | | | | | |
| জাতীয় | ১.০০ | ১.০০ | ১.০০ | ১.০০ | ১.০ |
| পল্লী | ১.১৪ | ১.১৫ | ১.১৫ | ১.০৯ | ১.১ |
| শহর | ০.৮১ | ০.৮২ | ০.৮২ | ০.৮০ | ০.৮ |
| **০৬. মরণশীলতা (Mortality)** | | | | | |
| **স্থুল মৃত্যুহার (Crude Death Rate) (প্রতি হাজার জনসংখ্যা)** | | | | | |
| জাতীয় | ৫.১ | ৪.৯ | ৫.০ | ৫.১ | ৫.১ |
| পল্লী | ৫.২ | ৫.৪ | ৫.৪ | ৫.৭ | ৫.৭ |
| শহর | ৪.৯ | ৪.৪ | ৪.৪ | ৪.২ | ৪.২ |
| **১ (এক) বৎসরের নীচে শিশু মৃত্যুহার(Infant Mortality Rate) (প্রতি হাজার জীবিত জন্ম শিশু)** | | | | | |
| জাতীয় | | | | | |
| মোট | ২১ | ২১ | ২২ | ২৪ | ২৮ |
| পুরুষ | ২২ | ২২ | ২৩ | ২৫ | ২৭ |
| মহিলা | ২১ | ২১ | ২১ | ২৩ | ২৮ |
| পল্লী | | | | | |
| মোট | ২১ | ২২ | ২২ | ২৫ | ২৮ |
| পুরুষ | ২৩ | ২৩ | ২৩ | ২৭ | ২৬ |
| মহিলা | ২১ | ২১ | ২১ | ২৩ | ২৮ |
| শহর | | | | | |
| মোট | ২০ | ২০ | ২১ | ২২ | ২৮ |
| পুরুষ | ২১ | ২০ | ২১ | ২২ | ২৮ |
| মহিলা | ২০ | ২০ | ২১ | ২৩ | ২৮ |
| **১ (এক) মাসের কম বয়সের নীচে শিশু মৃত্যুহার(Neo-natal Mortality Rate) (প্রতি হাজার জীবিত জন্ম শিশু)** | | | | | |
| জাতীয় | | | | | |
| মোট | ১৫ | ১৫ | ১৬ | ১৭ | ১৯ |
| পুরুষ | ১৬ | ১৬ | ১৭ | ১৮ | ১৮ |
| মহিলা | ১৫ | ১৫ | ১৫ | ১৭ | ২০ |

| সূচকসমূহ | ২০২০ | ২০১৯ | ২০১৮ | ২০১৭ | ২০১৬ |
|---|---|---|---|---|---|
| পল্লী | | | | | |
| মোট | ১৫ | ১৬ | ১৬ | ১৭ | ১৯ |
| পুরুষ | ১৬ | ১৭ | ১৭ | ১৮ | ১৭ |
| মহিলা | ১৫ | ১৫ | ১৫ | ১৬ | ১৯ |
| শহর | | | | | |
| মোট | ১৫ | ১৫ | ১৬ | ১৭ | ২০ |
| পুরুষ | ১৫ | ১৫ | ১৬ | ১৭ | ২০ |
| মহিলা | ১৫ | ১৫ | **১৫** | **১৮** | **২০** |
| ১ (এক) মাস থেকে ১১ (এগার) মাস বয়সের শিশু মৃত্যুহার(Post-Neonatal Mortality Rate) (প্রতি হাজার জীবিত জন্ম শিশু | | | | | |
| জাতীয় | | | | | |
| মোট | ৬ | ৬ | ৬ | ৭ | ৯ |
| পুরুষ | ৬ | ৬ | ৬ | ৭ | ৯ |
| মহিলা | ৬ | ৬ | ৬ | ৬ | ৮ |
| পল্লী | | | | | |
| মোট | ৬ | ৬ | ৬ | ৮ | ৯ |
| পুরুষ | ৭ | ৬ | ৬ | ৯ | ৯ |
| মহিলা | ৬ | ৬ | ৬ | ৭ | ৯ |
| শহর | | | | | |
| মোট | ৫ | ৫ | ৫ | ৫ | ৮ |
| পুরুষ | ৬ | ৫ | ৫ | ৫ | ৮ |
| মহিলা | ৫ | ৫ | ৬ | ৫ | ৮ |
| শিশু মৃত্যুহার(Child Mortality Rate) (প্রতি হাজার ১-৪ বৎসর বয়সের শিশু | | | | | |
| মোট | ১.৭ | ১.৭ | ১.৭ | ১.৮ | ১.৮ |
| পুরুষ | ১.৮ | ১.৯ | ১.৯ | ২.১ | ২.১ |
| মহিলা | ১.৫ | ১.৫ | ১.৪ | ১.৬ | ১.৬ |
| ৫ (পাঁচ) বৎসরের নীচে শিশু মৃত্যুহার(Under 5 Mortality Rate) (প্রতি হাজার জীবিত জন্ম শিশু | | | | | |
| জাতীয় | | | | | |
| মোট | ২৮ | ২৮ | ২৯ | ৩১ | ৩৫ |
| পুরুষ | ২৯ | ৩০ | ৩১ | ৩২ | ৩৫ |
| মহিলা | ২৬ | ২৬ | ২৭ | ২৯ | ৩৪ |
| পল্লী | | | | | |
| মোট | ২৮ | ২৯ | ৩১ | ৩৩ | ৩৬ |
| পুরুষ | ৩০ | ৩১ | ৩৪ | ৩৬ | ৩৬ |
| মহিলা | ২৭ | ২৭ | ২৮ | ৩১ | ৩৫ |
| শহর | | | | | |
| মোট | ২৬ | ২৬ | ২৭ | ২৭ | ৩২ |
| পুরুষ | ২৮ | ২৭ | ২৮ | ২৭ | ৩২ |
| মহিলা | ২৫ | ২৫ | ২৫ | ২৭ | ৩৩ |
| মাতৃ মৃত্যু অনুপাত(Maternal Mortality Ratio) (প্রতি হাজার জীবিত জন্ম শিশু | | | | | |
| জাতীয় | ১.৬৩ | ১.৬৫ | ১.৬৯ | ১.৭২ | ১.৭৮ |
| পল্লী | ১.৭৮ | ১.৯১ | ১.৯৩ | ১.৮২ | ১.৯ |
| শহর | ১.৩৮ | ১.২৩ | ১.৩২ | ১.৫৭ | ১.৬ |
| ০৭. আয়ুষ্কাল (Life Expectancy at Birth) | | | | | |
| প্রত্যাশিত আয়ুষ্কাল | | | | | |
| মোট | ৭২.৮ | ৭২.৬ | ৭২.৩ | ৭২.০ | ৭১.৬ |
| পুরুষ | ৭১.২ | ৭১.১ | ৭০.৮ | ৭০.৬ | ৭০.৩ |
| মহিলা | ৭৪.৫ | ৭৪.২ | ৭৩.৮ | ৭৩.৫ | ৭২.৯ |

| সূচকসমূহ | ২০২০ | ২০১৯ | ২০১৮ | ২০১৭ | ২০১৬ |
|---|---|---|---|---|---|
| ০৮. বিবাহ, তালাক ও পৃথক বসবাস(Nuptiality) | | | | | |
| স্থুল বিবাহের হার (প্রতি হাজার জনসংখ্যা) | | | | | |
| জাতীয় | ১৫.৩ | ১৪.৯ | ১৪.৭ | ১৪.৬ | ১৪.৩ |
| পল্লী | ১৭.৭ | ১৭.৩ | ১৭.২ | ১৮.১ | ১৭.৭ |
| শহর | ১২.২ | ১১.৯ | ১১.৫ | ১০.২ | ১০.১ |
| জনসংখ্যার বৈবাহিক অবস্থা(১০ + বছর বয়স) (শতাংশ) | | | | | |
| পুরুষ | | | | | |
| অবিবাহিত | ৩৮.৩ | ৩৮.৯ | ৩৯.১ | ৩৮.৬ | ৩৯.৪ |
| বর্তমানে বিবাহিত | ৬০.০ | ৫৯.৩ | ৫৯.৪ | ৫৯.৯ | ৫৯.২ |
| বিপত্নীক / তালাক প্রাপ্ত/ বিচ্ছিন্ন | ১.৭ | ১.৮ | ১.৫ | ১.৫ | ১.৪ |
| মহিলা | | | | | |
| অবিবাহিত | ২৫.৫ | ২৫.১ | ২৫.৬ | ২৬.২ | ২৬.৯ |
| বর্তমানে বিবাহিত | ৬৩.২ | ৬৩.৯ | ৬৩.৬ | ৬৩.৩ | ৬৩.১ |
| বিপত্নীক / তালাক প্রাপ্ত/ বিচ্ছিন্ন | ১১.৩ | ১১.০ | ১০.৮ | ১০.৫ | ১০.০ |
| ১ম বিবাহের গড় বয়স(Mean Age at First Marriage) | | | | | |
| পুরুষ | | | | | |
| জাতীয় | ২৪.২ | ২৪.২ | ২৪.৪ | ২৫.১ | ২৫.২ |
| পল্লী | ২৩.৭ | ২৩.৬ | ২৩.৯ | ২৪.৫ | ২৪.৭ |
| শহর | ২৫.১ | ২৫.৩ | ২৫.২ | ২৬.২ | ২৬.৩ |
| মহিলা | | | | | |
| জাতীয় | ১৮.৭ | ১৮.৫ | ১৮.৬ | ১৮.৪ | ১৮.৪ |
| পল্লী | ১৮.১ | ১৭.৯ | ১৮.০ | ১৭.৯ | ১৭.৯ |
| শহর | ১৯.৮ | ১৯.৭ | ১৯.৭ | ১৯.৭ | ১৯.৬ |
| বিবাহের গড় বয়স(Mean Age at Marriage) | | | | | |
| পুরুষ | | | | | |
| জাতীয় | ২৫.২ | ২৫.৩ | ২৫.৫ | ২৬.২ | ২৬.৩ |
| পল্লী | ২৪.৭ | ২৪.৭ | ২৫.০ | ২৫.৭ | ২৫.৮ |
| শহর | ২৬.১ | ২৬.৪ | ২৬.৩ | ২৭.৩ | ২৭.৪ |
| মহিলা | | | | | |
| জাতীয় | ১৯.১ | ১৮.৯ | ১৮.৯ | ১৮.৮ | ১৮.৮ |
| পল্লী | ১৮.৫ | ১৮.৩ | ১৮.৩ | ১৮.৩ | ১৮.৩ |
| শহর | ২০.১ | ২০.০ | ২০.১ | ১৯.৯ | ১৯.৯ |
| বিবাহের গড় বয়স(Singulate Mean Age at Marriage) | | | | | |
| পুরুষ | | | | | |
| জাতীয় | ২৬.১ | ২৬.৩ | ২৬.০ | ২৫.৬ | ২৫.৭ |
| পল্লী | ২৫.৫ | ২৫.৬ | ২৫.৩ | ২৫.০ | ২৫.১ |
| শহর | ২৬.৯ | ২৭.১ | ২৬.৭ | ২৬.৪ | ২৬.৫ |
| মহিলা | | | | | |
| জাতীয় | ২০.৮ | ২০.৫ | ২০.৭ | ২০.৩ | ২০.৩ |
| পল্লী | ২০.১ | ১৯.৭ | ২০.০ | ১৯.৭ | ১৯.৭ |
| শহর | ২১.৬ | ২১.৪ | ২১.৪ | ২১.২ | ২১.১ |
| বিবাহের মধ্যমা বয়স(Median Age at Marriage) | | | | | |
| পুরুষ | | | | | |
| জাতীয় | ২৪ | ২৪ | ২৪ | ২৫ | ২৫ |
| পল্লী | ২৩ | ২৩ | ২৪ | ২৫ | ২৫ |
| শহর | ২৫ | ২৫ | ২৫ | ২৬ | ২৬ |
| মহিলা | | | | | |
| জাতীয় | ১৮ | ১৮ | ১৮ | ১৮ | ১৮ |
| পল্লী | ১৭ | ১৭ | ১৮ | ১৮ | ১৮ |
| শহর | ১৯ | ১৯ | ১৯ | ১৯ | ১৮ |

| সূচকসমূহ | ২০২০ | ২০১৯ | ২০১৮ | ২০১৭ | ২০১৬ |
|---|---|---|---|---|---|
| **০৯. আভ্যন্তরীন স্থানান্তরণ(Internal Migration)** | | | | | |
| স্থানান্তর হার(প্রতি হাজার জনসংখ্যা) | | | | | |
| আগমন হার(In-Migration Rate) | ৭১.০ | ৭২.৪ | ৭২.৮ | ৭৩.৮ | ৭৬.৭ |
| পল্লী এলাকার স্থানান্তর(Rural In-migration) | ৩৭.৪ | ৩৬.৫ | ৩৮.৬ | ৩৭.৮ | ৩৯.৫ |
| পল্লী হতে পল্লীতে স্থানান্তর | ৩২.৭ | ৩২.২ | ৩৩.৭ | ৩২.৭ | ৩৪.৫ |
| শহর হতে পল্লীতে স্থানান্তর | ৪.৭ | ৪.৩ | ৪.৯ | ৫.০ | ৫.০ |
| শহর এলাকার স্থানান্তর(Urban In migration) | ১০৯.১ | ১১৭.১ | ১১৫.২ | ১১৯.৪ | ১২৩.০ |
| পল্লী হতে শহরে স্থানান্তর | ৩১.৩ | ২৯.৭ | ৩০.৬ | ৩০.৩ | ৩০.৩ |
| শহর হতে শহরে স্থানান্তর | ৭৭.৮ | ৮৭.৪ | ৮৪.৬ | ৯০.২ | ৯২.৬ |
| বহির্গমন হার(Out-Migration Rate) | ৭০.৩ | ৭২.৭ | ৭২.৪ | ৭৪.৩ | ৭৮.৫ |
| পল্লী হতে বহির্গমন | ৩৮.৩ | ৩৯.১ | ৩৯.৫ | ৪৩.৫ | ৪৭.৫ |
| শহর হতে বহির্গমন | ১১০.৬ | ১১৪.৫ | ১১৩.১ | ১১৩.৩ | ১১৭.২ |
| **১০. জন্মনিয়ন্ত্রণ** | | | | | |
| **জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহারের হার(Contraceptive Prevalence Rate)** | | | | | |
| জাতীয় | ৬৩.৯ | ৬৩.৪ | ৬৩.১ | ৬২.৫ | ৬২.৩ |
| পল্লী | ৬৩.১ | ৬২.৭ | ৬২.৪ | ৫৯.৪ | ৫৯.৩ |
| শহর | ৬৪.৭ | ৬৪.৪ | ৬৪.০ | ৬৬.৩ | ৬৫.৯ |
| পদ্ধতি অনুযায়ী জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহারের হার (Contraceptive Prevalence Rate by Method) | | | | | |
| যেকোন পদ্ধতি | ৬৩.৯ | ৬৩.৪ | ৬৩.১ | ৬২.৫ | ৬২.৩ |
| আধুনিক পদ্ধতি | ৬২.৩ | ৬২.১ | ৬১. ৬ | ৫৯.২ | ৫৮.৪ |
| সনাতন পদ্ধতি | ১.৬ | ১.৩ | ১.৫ | ৩.৩ | ৩.৯ |
| **১১. প্রতিবন্ধী (Disability)** | | | | | |
| স্থুল প্রতিবন্ধীতার হার(Crude Disability Rate) (প্রতি হাজার জনসংখ্যা) | | | | | |
| মোট | ৮.৫ | ৮.৪ | ৮.৫ | ৮.৯ | ৯.০ |
| পুরুষ | ৯.৩ | ৯.২ | ৯.৩ | ৯.৮ | ৯.৮ |
| মহিলা | ৭.৬ | ৭.৬ | ৭.৭ | ৮.০ | ৮.৩ |
| **১২. এইচআইভি/এইডস** | | | | | |
| মা থেকে সন্তানের এইচআইভিএইডস সংক্রমিত হয় তার শতকরা হার(অন্তত: ১টি মোড সম্পর্কে জানে) | ৭১.৫ | ৭০.১ | ৬৮.৯ | ৬৮.৮ | ৬৬.৯ |
| মা থেকে সন্তানের এইচআইভি /এইডস সংক্রমিত হয় তার শতকরা হার(সকল মোড সম্পর্কে জানে) | ৩৬.১ | ৩৫.৫ | ৩৪.৬ | ৩৫.৫ | ২৯.১ |
| **১৩. খানার বৈশিষ্ট্য** | | | | | |
| খানার আকার | ৪.৩ | ৪.২ | ৪.২ | ৪.২ | ৪.৩ |
| খানা প্রধানের শতকরা হার | | | | | |
| পুরুষ | ৮৫.০ | ৮৫.৪ | ৮৫.৮ | ৮৫.৮ | ৮৭.২ |
| মহিলা | ১৫.০ | ১৪.৬ | ১৪.২ | ১৪.২ | ১২.৮ |
| **পানির ব্যবহার(শতাংশ) (Access to Water)** | | | | | |
| খাবার পানি(ট্যাপ এবং নলকূপ) | ৯৮.৩ | ৯৮.১ | ৯৮.০ | ৯৮.০ | ৯৮.০ |
| আলোর উৎস(শতাংশ) | | | | | |
| বিদ্যুৎ | ৯৬.২ | ৯৩.৫ | ৯০.১ | ৮৫.৩ | ৮১.২ |
| সোলার | ২.৪ | ৩.৩ | ৪.৮ | ৫.৮ | ৫.৬ |
| কেরোসিন | ১.২ | ২.৯ | ৫.০ | ৮.৮ | ১৩.০ |
| অন্যান্য | ০.২ | ০.৩ | ০.১ | ০.১ | ০.২ |
| টয়লেট সুবিধা (শতাংশ) | | | | | |
| স্যানিটারি | ৮১.৫ | ৮১.৫ | ৭৮.১ | ৭৬.৮ | ৭৫. |
| অন্যান্য | ১৭.২ | ১৭.০ | ১৯.৯ | ২০.৬ | ২২.৩ |
| উন্মুক্ত | ১.৩ | ১.৫ | ২.০ | ২.৬ | ২.৭ |

| সূচকসমূহ | ২০২০ | ২০১৯ | ২০১৮ | ২০১৭ | ২০১৬ |
|---|---|---|---|---|---|
| **১৪. শিক্ষা** | | | | | |
| **৭ বছর ও তদূর্ধ্ব জনসংখ্যার শিক্ষার হার(শতকরা)** | | | | | |
| **জাতীয়** | | | | | |
| **মোট** | ৭৫.২ | ৭৪.৪ | ৭৩.২ | ৭২.৩ | ৭১.০ |
| **পুরুষ** | ৭৭.৪ | ৭৬.৫ | ৭৫.২ | ৭৪.৩ | ৭৩.০ |
| **মহিলা** | ৭২.৯ | ৭২.৩ | ৭১.২ | ৭০.২ | ৬৮.৯ |
| **পল্লী** | | | | | |
| **মোট** | ৬৯.৭ | ৬৯.১ | ৬৭.৬ | ৬৬.৫ | ৬৫.৫ |
| **পুরুষ** | ৭২.২ | ৭১.৫ | ৬৯.৭ | ৬৮.৬ | ৬৭.৭ |
| **মহিলা** | ৬৭.১ | ৬৬.৭ | ৬৫.৫ | ৬৪.৪ | ৬৩.৩ |
| **শহর** | | | | | |
| **মোট** | ৮২.০ | ৮১.০ | ৮০.১ | ৭৯.৫ | ৭৭.৭ |
| **পুরুষ** | ৮৩.৯ | ৮২.৮ | ৮২.০ | ৮১.৫ | ৭৯.৬ |
| **মহিলা** | ৮০.১ | ৭৯.২ | ৭৮.২ | ৭৭.৫ | ৭৫.৮ |
| **১৫ বছর ও তদূর্ধ্ব জনসংখ্যার শিক্ষার হার(শতকরা)** | | | | | |
| **জাতীয়** | | | | | |
| **মোট** | ৭৫.৬ | ৭৪.৭ | ৭৩.৯ | ৭২.৯ | ৭২.৩ |
| **পুরুষ** | ৭৮.২ | ৭৭.৪ | ৭৬.৭ | ৭৫.৭ | ৭৫.২ |
| **মহিলা** | ৭৩.০ | ৭১.৯ | ৭১.২ | ৭০.১ | ৬৯.৫ |
| **পল্লী** | | | | | |
| **মোট** | ৬৯.৮ | ৬৮.৪ | ৬৭.৩ | ৬৬.১ | ৬৫.৪ |
| **পুরুষ** | ৭২.৪ | ৭১.৪ | ৭০.৩ | ৬৯.০ | ৬৮.৪ |
| **মহিলা** | ৬৭.২ | ৬৫.৫ | ৬৪.৪ | ৬৩.২ | ৬২.৪ |
| **শহর** | | | | | |
| **মোট** | ৮২.৮ | ৮২.২ | ৮১.৭ | ৮১.১ | ৮০.৭ |
| **পুরুষ** | ৮৫.৪ | ৮৪.৭ | ৮৪.৩ | ৮৩.৮ | ৮৩.৩ |
| **মহিলা** | ৮০.১ | ৭৯.৭ | ৭৯.২ | ৭৮.৪ | ৭৭.৯ |
| **১৫. জনসংখ্যার ধর্মভিত্তিক বিভাজন(Religious Composition) (শতকরা)** | | | | | |
| **মুসলিম** | ৮৮.৪ | ৮৮.৪ | ৮৮.৪ | ৮৮.৪ | ৮৮.৪ |
| **অন্যান্য** | ১১.৬ | ১১.৬ | ১১.৬ | ১১.৬ | ১১.৬ |

**১৬. জাতীয় জনসংখ্যা (প্রাক্কলিত): ১ জানুয়ারি ২০২১ (মিলিয়িন)**

| | |
|---|---|
| মোট | ১৬৯.১১ |
| পুরুষ | ৮৪.৬৪ |
| মহিলা | ৮৪.৪৭ |

# সংক্ষিপ্তসার

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ১৯৮০ সাল হতে দ্বৈত পদ্ধতিতে জন্ম, মৃত্যু, বিবাহ ও স্থানান্তর সংক্রান্ত তথ্য সংগ্রহ করে আসছে । ১৯৮০ সালে মাত্র ১০৩টি (৬২টি পল্লী + ৪১টি শহর) নমুনা এলাকায় (Primary Sampling Unit) এ তথ্য সংগ্রহ পদ্ধতি একটি উন্নয়ন প্রকল্পের আওতায় শুরু হয় ।১৯৮৩ সালে জরিপের নমুনা এলাকার সংখ্যা ১০৩টি হতে ২১০ এ উন্নীত করা হয় । যার মধ্যে পল্লী এলাকায় ছিল ১৫০টি এবং শহর এলাকায় ছিল ৬০টি ।কিন্তু নমুনা এলাকার সংখ্যা যথেষ্ট না হওয়ায় এ কার্যক্রমের আওতায় সংগৃহীত তথ্য জেলা পর্যায়ে নিরুপন করা সম্ভব হতো না। তাই ১৯৯৫ সালে নমুনা এলাকার (Sample Area) সংখ্যা ২১০ হতে ৫০০ তে উন্নীত করা হয় ।দ্বৈত পদ্ধতিতে জন্ম, মৃত্যু, বিবাহ, আগমন-বহির্গমন, জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি এবং প্রতিবন্ধী সংক্রান্ত তথ্য সংগ্রহ কার্যক্রম জোরদারকরণ ও জেলা পর্যায়ে তথ্য উপস্থাপনের জন্য ২০০০ সালে একটি উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয় এবং ২০০২ সালে নমুনা এলাকার সংখ্যা ৫০০ হতে ১০০০ এ উন্নীত করা হয় ।বর্তমানে নতুন Integrated Multi-Purpose Sample Design (IMPS) অনুযায়ী নমুনা এলাকার সংখ্যা ২০১২-তে উন্নীত করা হয়েছে।

চন্দ্রসেকরন ও ডেমিং এর দ্বৈত পদ্ধতি অনুসরণ করে নমুনা এলাকা থেকে ভাইটাল ইভেন্ট গুলোর তথ্য সংগ্রহ করা হয়েছে । দ্বৈতপদ্ধতিতে দু'টি পৃথক তথ্য সংগ্রহ পদ্ধতি অনুসরণ করা হয় যার একটি (System 1) পদ্ধতি হল স্থানীয়ভাবে নির্বাচিত ও এলাকার স্থায়ী বাসিন্দা একজন স্থানীয় রেজিষ্ট্রার, নমুনা এলাকায় সংঘটিত জন্ম, মৃত্যু, বিবাহ ও স্থানান্তর সংক্রান্ত তথ্য ১১টি তফসিলের মাধ্যমে তাৎক্ষনিকভাবে সংগ্রহ করে পরিসংখ্যান ব্যুরোর সদর দপ্তরে প্রেরণ করে ।অপর পদ্ধতি (System 2) হল ব্যুরোর মাঠপর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক প্রতি তিন মাস অন্তর অন্তর একই তথ্য গণনা ও তদারকির ভিত্তিতে একই নমুনা এলাকার তথ্য সংগ্রহ করা হয় ।সংগৃহীত তথ্য পরে ম্যাচিং করে সেগুলোর যথার্থতা যাচাই করা হয় এবং প্রকৃত ঘটন সংখ্যা (events) নির্ণয় করে বিভিন্ন জনমিতিক সূচক নিরুপন করে রিপোর্ট আকারে প্রকাশ করা হয়।২০২০ সালে জন্ম ও মৃত্যু বিষয়ক তথ্য বিশ্লেষণে পরিলক্ষিত হয় যে জন্ম ও মৃত্যুর ক্ষেত্রে missing events যথাক্রমে ১.১৭% ও ১.১৪%।

## SVRS তথ্যের গুণগত মান

৩টি জনপ্রিয় Indices এর মান নির্নয় করে SVRS তথ্যের গুণগত মান সম্পর্কে মূল্যায়ন করা হয়েছে।Index গুলি হচ্ছে Myer's Index, Whipple's Index এবং UN Age-Sex Accuracy Index । ফলাফল বিশ্লেষণে পরিলক্ষিত হয় যে , SVRS তথ্যের গুনগত মান ক্রমান্বয়ে উন্নত হচ্ছে। বিস্তারিত ফলাফল অধ্যায় ২ এ উপস্থাপন করা হয়েছে।

## খানার আর্থসামাজিক বৈশিষ্ট

বর্তমান রিপোর্টটি ২০২০ সালে মোট ২০১২টি নমুনা এলাকা থেকে সংগৃহীত তথ্যের উপর ভিত্তি করে প্রস্তুত করা হয়েছে। ২০১২টি নমুনা এলাকায় ২০২০ সালে মোট ৩০১১৩১ টি খানা। নারী পুরুষের লিঙ্গানুপাত ১০০.২ (মোট পুরুষ ৬৪৩২৫২ এবং মোট মহিলা ৬৪১৭৬১)। গত পাচ বছর যাবৎ লিঙ্গানুপাত হ্রাস পেয়েছে। ২০১৬ সালে লিঙ্গানুপাত ছিল ১০০.৩ যা ২০২০ সালে হয়েছে ১০০.২। জনসংখ্যার ২৮.১% জনসংখ্যার বয়স ১৫ বছরের নীচে। উচ্চ প্রজনন হারের এটা একটা অন্যতম কারণ। নির্ভরতার অনুপাত (Dependency Ratio) উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পেয়েছে যা ২০০২ সালে ছিল ৮০ এবং ২০২০ সালে হয়েছে ৫০ ।জনসংখ্যার স্থুলবৃদ্ধির হার গত ৫ বছরে ১.৩৬ থেকে হ্রাস পেয়ে ২০২০ সালে ১.৩০ তে দাঁড়িয়েছে।

খানার গড় সদস্য সংখ্যা ২০১৬ সালে ছিল ৪.৩ যা ২০২০ সালে একই রয়েছে। বাংলাদেশের মহিলারা এখনও পুরুষ দ্বারা উচ্চমাত্রায় নিয়ন্ত্রিত।। SVRS Report 2020 অনুযায়ী বাংলাদেশে শতকরা ৮৫.০ ভাগ পরিবারের খানা প্রধান হচ্ছে পুরুষ। ২০১৯ সালে পুরুষদের মধ্যে খানা প্রধানের প্রাধান্য ছিল ৮৫.৪। সময়ের সংগে বয়স্ক শিক্ষার (১৫+ বছর বয়স্ক জনসংখ্যা) হার উন্নতি লাভ করছে। ২০১৬ সালে যা ছিল ৭২.৩% এবং এ হার ২০২০ সালে বেড়ে দাড়িয়েছে শতকরা ৭৫.৬।

গত ৫ বছরে ৭ বছর ও তদূর্ধ্বদের ক্ষেত্রে শিক্ষার হার বেড়েছে ৬%, যা ১৫ বছর ও তর্দধ্বের ক্ষেত্রে বেড়েছে ৪.৬%। SVRS Report 2020 অনুযায়ী বয়স্ক শিক্ষার ক্ষেত্রে (১৫ বছর ও তদূর্ধ্ব) শহর এলাকায় বয়স্ক শিক্ষার হার পল্লী এলাকার চেয়ে প্রায় ১৯% বেশী। ৭ বছর বা তার বেশী বয়স্ক শিক্ষার ক্ষেত্রে এই হার প্রায় ১৮%। যাই হোক ২০১৩ সাল থেকে শহর এলাকার চেয়ে

পল্লী এলাকায় শিক্ষার হার দ্রুত গতিতে বাড়ছে। ৭ বছর বা তার বেশী অথবা ১৫ বছর বা তার বেশী বয়স্ক উভয় ক্ষেত্রেই এটি প্রযোজ্য।

### প্রজনন

প্রজনন পরিমাপের সবচেয়ে সহজ পদ্ধতি হলো স্থূল জন্মহার। SVRS 2020 অনুযায়ী বাংলাদেশের স্থূল জন্মহার ১৮.১ প্রতি হাজার জনসংখ্যার জন্য, ২০১৬ সালে ছিল ১৮.৭। অর্থাৎ গত অর্ধ দশকে স্থূল জন্মহার কমেছে ০.৬% এর চেয়েও কিছুটা বেশী। প্রত্যাশা অনুযায়ী গ্রাম এলাকার স্থূল জন্মহার শহর এলাকার জন্মহারের চেয়ে বেশী: প্রতি হাজারে যা যথাক্রমে ২০.৪ ও ১৫.৩। ২০২০ সালে প্রতি হাজার মহিলার ক্ষেত্রে সাধারন প্রজনন হার (General Fertility Rate) পাওয়া গিয়েছে ৬৫। পল্লী এলাকায় এই হার হচ্ছে ৭৬ এবং শহর এলাকায় তা ৫৩। মোট প্রজনন হার (Total Fertility Rate) ২০২০ সালে পাওয়া গিয়েছে ২.০৪ যা ২০১৬ সালে ছিল ২.১০। প্রজননের সবগুলো পরিমাপ তুলনা করলে পরিলক্ষিত হয় যে সাম্প্রতিক বছরগুলোতে বাংলাদেশে জন্মের হার অনেকটা স্থির অবস্থায় আছে।

### মরণশীলতা

SVRS বার্ষিক রিপোর্ট, ২০২০ অনুযায়ী বাংলাদেশে স্থূলমৃত্যুহার প্রতি হাজার জনসংখ্যায় ৫.১ জন যা পল্লী এলাকায় ৫.২ জন এবং শহর এলাকায় ৪.৯ জন। ২০১৬ সালে এই হার ছিল ৫.১। শিশু মৃত্যুর হারের ক্ষেত্রে (১ বৎসেরর নীচে) একই প্রবণতা লক্ষ্য করা যায়। শিশু মৃত্যু হার ২০১৬ সালে প্রতি হাজার জীবিত জন্মের ক্ষেত্রে ছিল ২৮ এবং এই হার ২০২০ সালে কমে দাঁড়িয়েছে ২১-এ ।

মরণশীলতার অন্যান্য সূচকের ক্ষেত্রেও মৃত্যু হার কমার একই রকম প্রবণতা লক্ষণীয়। প্রতি হাজার জীবিত জন্মের ক্ষেত্রে Neo-natal mortality rate ২০১৬ সালে ছিল ১৯, যা ২০২০ সালে পাওয়া গিয়েছে ১৫ । Post- neonatal mortality rate (PNMR) গত ০৫ (পাঁচ) বছরে প্রতি হাজারে ৯ থেকে হ্রাস পেয়ে বর্তমানে ৬ এ দাঁড়িয়েছে।

২০২০ সালে শিশু মৃত্যুর হার (১-৪ বছর) পাওয়া গিয়েছে ১.৭ প্রতি হাজার শিশুর ক্ষেত্রে যা ২০১৬ সালে ছিল ১.৮ । পাঁচ বছরের নীচে (Under five mortality) শিশু মৃত্যুর হারের ক্ষেত্রেও একই প্রবণতা লক্ষ করা যায়। ২০১৬ সালে প্রতি হাজার জীবিত শিশু জন্মের ক্ষেত্রে পাঁচ বছরের নীচে শিশু মৃত্যুর হার ছিল ৩৫ যা ২০২০ সালে হয়েছে ২৮।

মরনশীলতার প্রতিটি সূচক (Indicator) বিশ্লেষণ করলে প্রতীয়মান হয় যে, মৃত্যুর হারের ক্ষেত্রে পুরুষ ও নারীদের ব্যবধান তাৎপর্যপূর্ণভাবে হ্রাস পেয়েছে। মরণশীলতার এই অবস্থা শহর ও পল্লী এলাকা উভয় ক্ষেত্রেই প্রযোজ্য।

মাতৃমৃত্যুর অনুপাত (MMR) গত পাঁচ বছরে সমহারে ক্রমান্বয়ে হ্রাস পেয়েছে। ২০১৬ সালে মাতৃ মৃত্যুর অনুপাত ছিল ১.৭৮ যা ২০২০ সালে হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ১.৬৩ । বার্ষিক ১.৬৮% হারে ৫ বৎসরে মাতৃ মৃত্যু কমেছে।

গত পাঁচ বছরে প্রত্যাশিত আয়ুষ্কাল (Life Expectancy at Birth) গড়ে প্রতি বছরে ০.২৪ বছর হারে বেড়েছে অর্থাৎ গত পাঁচ বছরে প্রত্যাশিত আয়ুষ্কাল ১.২ বছর বেড়েছে। এই বৃদ্ধি পুরুষদের ক্ষেত্রে ০.৯ এবং মহিলাদের ক্ষেত্র ১.৬ বছর। পুরুষের তুলনায় মহিলাদের গড় আয়ু বেশী বেড়েছে।

### বিবাহের গড় বয়স

বিবাহের বয়স সংক্রান্ত তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, সাম্প্রতিককালে বিশেষ করে পুরুষদের ক্ষেত্রে প্রথম বিবাহের গড় বয়স কিছুটা নিম্নমূখী। উদাহরণস্বরূপ পুরুষদের বিবাহের বয়স ২০১৬ সালে ছিল ২৫.২ বছর যা ২০২০ সালে কমে যথাক্রমে ২৪.২ বছরে দাঁড়ায়। পক্ষান্তরে মহিলাদের এই বয়স ২০১৬ সালে ছিল ১৮.৪ বছর যা ২০২০ সালে বেড়ে ১৮.৭ বছরে দাঁড়ায়। পুরুষ ও মহিলা উভয়ের ক্ষেত্রেই শহরে লোকদের ১ম বিবাহের বয়স গ্রামের লোকদের বিয়ের বয়স বেশী।

### আগমন ও বহির্গমন

২০১৪-২০২০ সময়ে In-migration rate এবং Out-migration rate উভয়ই এসভিআরএস নমুনা এলাকায় অস্বাভাবিকভাবে বেড়ে গেছে। ২০২০ সালের জন্য প্রাপ্ত ফলাফল বিশ্লষণে দেখা যায়, নমুনা এলাকায় প্রতি হাজার জনসংখ্যার জন্য In-migration rate ৭১.০ জন এবং এই হার ২০১৬ সালের জন্য ছিল মাত্র ৭৬.৭ জন। Out-migration rate এর

ক্ষেত্রে একই প্রবণতা বিরাজমান: ২০২০ সালে প্রতি হাজার জনসংখ্যার জন্য Out -migration rate ৭০.৩ জন এবং এই হার ২০১৬ সালের জন্য ছিল মাত্র ৭৮.৫ জন। শহর এলাকায় ২০১৬ সালের তুলনায় ২০২০ সালে in ও out migration উভয়ই কমেছে।

### জন্মনিয়ন্ত্রণ পদ্ধতির ব্যবহার

২০১৬ থেকে ২০২০ এই ৫ (পাঁচ) বছরে জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহারের হার তেমন বাড়েনি, প্রায় একই রকম রয়েছে। উল্লেখ্য, নমুনা এলাকায় এই হার বর্তমানে শতকরা ৬৩.৯। SVRS Report 2020 থেকে দেখা যায় যে, প্রত্যাশাঅনুযায়ী শহর অঞ্চলে (৬৪.৭%) গ্রামাঞ্চলের (৬৩.১%) চেয়ে বেশী হারে জন্ম নিয়ন্ত্রন পদ্ধতি ব্যবহার করেছে। গত ৫ বছরে আধুনিক পদ্ধতির ব্যবহার বেড়েছে ৬.৬৭%। অপরদিকে সনাতন পদ্ধতির ব্যবহার প্রায় ৬০% হ্রাস পেয়েছে।

### প্রতিবন্ধী

এসভিআরএস নমুনা এলাকা থেকে সংগৃহীত তথ্য থেকে ২০২০ সালের জন্য প্রাপ্ত ফলাফল অনুযায়ী বাংলাদেশে প্রতি হাজারে ৮ জনের চেয়ে কিছু বেশী মানুষ কোনো না কোনোভাবে প্রতিবন্ধী। মহিলাদের চেয়ে পুরুষদের মধ্যে প্রতিবন্ধীর হার বেশী অর্থাৎ মহিলাদের চেয়ে পুরুষরাই বেশী হারে প্রতিবন্ধিতার ঝুকিতে রয়েছে। ২০২০ সালে পুরুষ প্রতিবন্ধীর হার প্রতি হাজারে ৯.৩ জন এবং মহিলা প্রতিবন্ধীর হার ৭.৬ জন প্রতি হাজারে যা ২০১৯ সালের চেয়ে কিছুটা বেশী।

### এইচআইভি/এইডস

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এমএসভিএসবি প্রকল্প ২০১৩ সাল থেকে প্রথমবারের মতো এইচআইভি/এইডস সংক্রমণের ক্ষেত্রে ১৫-৪৯ বছরের মহিলাদের জ্ঞান সম্পর্কে তথ্য সংগ্রহ করে আসছে। ২০২০ সালের প্রাপ্ত ফলাফল থেকে পরিলক্ষিত হয় যে শতকরা ৮১.৫ জন মহিলা এইচআইভি /এইডস সংক্রমনের কমপক্ষে ১টি বাহক সম্পর্কে জ্ঞান রা খেন যা ২০১৯ সালে ছিল ৭৯.৭%। এ জরিপ থেকে আরো প্রতীয়মান হয় যে মা থেকে শিশুর দেহে এইচআইভি/এইডস সংক্রমণ হতে পারে এমন ধারণা ২৮.৫% মহিলা অবগত নহেন। কমপক্ষে ১টি বাহক সম্পর্কে জ্ঞান রাখেন ৭১.৫% এবং সবগুলো বাহক সম্পর্কে অবগত আছেন ৩৬.১% মহিলা যা ২০১৬ সালে ছিল মাত্র ২৯.১%।